

ইউজিসির খণ্ডকালীন সদস্য হলেন নজরুল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য

নজরুল বিশ্ববিদ্যালয় সংবাদদাতা
০৪ অক্টোবর ২০২৫, ০৬:৪৪ পিএম



বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) খণ্ডকালীন সদস্য মনোনীত হয়েছেন ময়মনসিংহের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মো. জাহাঙ্গীর আলম।

ইউজিসির সচিব ড. মো. ফখরুল ইসলাম স্বাক্ষরিত এক পত্রের মাধ্যমে উপাচার্যকে বিষয়টি অবহিত করা হয়েছে।

এতে উল্লেখ করা হয়, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন আদেশ, ১৯৭৩ (রাষ্ট্রপতির আদেশ নং ১০, ১৯৭৩)-এর ৪(১)(গ) ও ৪(৪) ধারার বিধান অনুযায়ী, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের গৃহীত সিদ্ধান্তের ভিত্তিতে ৫ অক্টোবর ২০২৫ থেকে পরবর্তী দুই বছরের জন্য এই মনোনয়ন প্রদান করা হয়েছে।

উপাচার্য অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলমকে অভিনন্দন জানানোর পাশাপাশি কার্যক্রম পরিচালনায় পরামর্শ ও সক্রিয় সহযোগিতা প্রদান করবেন বলে আশা প্রকাশ করেছে কমিশন কর্তৃপক্ষ। অপরদিকে খণ্ডকালীন সদস্য হিসেবে মনোনীত করায় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে ইউজিসি কর্তৃপক্ষকে কৃতজ্ঞতা প্রকাশ করে ধন্যবাদ জানিয়েছেন অধ্যাপক ড. মো. জাহাঙ্গীর আলম।

অধ্যাপক ড. জাহাঙ্গীর আলম ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগের অধ্যাপক। ২০২৪ সালের ১৯ সেপ্টেম্বর তিনি নজরুল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য হিসেবে যোগদান করেন।

